বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.২২.০০১.১৯-৭৮৬ তারিখ : ২০/০২/২০২০

বিষয় : বাংলাদেশের সকল বিমানবন্দর সজ্জিতকরণসহ অন্যান্য গৃহীত কর্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র : ৩০.০০.০০০০.০১০.২৩.০০১.১৯-১৩৩, তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ যেসকল কার্যক্রম গ্রহন করেছে তার সর্বশেষ অগ্রগতি নিম্নে পেশ করা হলোঃ

(১) **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দর্শনীয় স্থানে বঙ্গবন্ধু'র ভাস্কর্য/ম্যুরাল স্থাপনঃ** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের দর্শনীয় স্হানে বঙ্গবন্ধুর ম্যুরাল ও ভাস্কর্য নির্মাণের কাজ চলমান রয়েছে। ম্যুরালটি ফেব্রুয়ারী/ ২০২০ এর মধ্যে সমাপ্ত হবে। এছাড়া বিমানবন্দরের সম্মুখে নির্মাণাধীন ভাস্কর্য ৭মার্চ/২০২০ এর মধ্যে সমাপ্ত হবে।

(২) **বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ও বিভিন্ন অর্জন ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শনঃ** বিমানবন্দর সমুহে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উন্নয়নমূলক কার্যক্রম ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে ২(দুই) মিনিট এর ভিডিও ক্লিপ প্রদর্শনের নিমিত্ত প্রস্তুতির কার্যক্রম সম্পন্ন প্রায়। এছাড়া হশাআবি বিমানবন্দরের হোল্ডিং লাউঞ্জে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধুর বিভিন্ন কার্যক্রম, বেবিচকের অর্জন ও বিভিন্ন বিমানবন্দরের উন্নয়নমূলক কার্যক্রমের স্থিরচিত্র ও তথ্যাদি সহকারে ০৫ মিনিটের একটি ভিডিও ডকুমেন্টারি প্রচারের নিমিত্ত প্রস্তুতের কার্যক্রম চলমান, যা ফেব্রুয়ারি/২০২০ সময়ের মধ্যে সম্পন্ন হবে।

(৩) **সেবা সপ্তাহ পালনঃ** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সহ অন্যান্য বিমানবন্দরে মুজিব শতবার্ষিকী উপলক্ষ্যে ২টি বিশেষ সেবা সপ্তাহ পালনের নিমিত্ত নিম্নোক্ত সেবা নির্ধারণ করা হয়েছে- (১) ১৭ই মার্চ হতে ২৩শে মার্চ প্রথম সেবা সপ্তাহে মুক্তিযোদ্ধা, বয়স্ক যাত্রী ও প্রতিবন্ধীদের জন্য আলাদা সেবা বুথ স্হাপনের কার্যক্রম চলমান আছে এবং অন্যান্য যাত্রীদের জন্য আগমনী ও বহির্গমন স্হানে তিনটি করে বন্ধু সহায়তা/ May I Help You ডেস্ক স্হাপন করা হচ্ছে। উক্ত সেবা প্রদানকারী কর্মীদের জন্য আলাদা টি-শার্ট বা স্পেশাল Uniform এর ব্যবস্হা করা হবে। (২) ১১ মার্চ ২০২১ হতে ১৭ মার্চ ২০২১ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সকল বিমানবন্দরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা হবে। হশাআবিতে পরিষ্কার পরিচ্ছন্ন ও আধুনিক সুবিধা সম্বলিত washing room এর ব্যবস্হা করা হবে। উল্লেখ্য যে, হশাআবিতে চলমান washing room এর Renovation এর কাজ চলমান আছে –যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।

(৪) **অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সকল শ্রেণিতে মেধাভিত্তিক বঙ্গবন্ধুর নামে শিক্ষা বৃত্তি প্রদানঃ** বেবিচক'র আওতাধীন ও ঢাকার বাহিরের ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে শিক্ষা বৃত্তির নীতিমালা চলতি মাসে অনুষ্ঠিত কর্তৃপক্ষের ২৬৩তম পর্ষদ সভায় অনুমোদন হয়েছে- যা অচিরেই কার্যকর হবে।

(৫) **বঙ্গবন্ধুর উপর তথ্যচিত্র প্রদর্শনীঃ** বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর উপর নির্মিতব্য তথ্যচিত্র, এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে "Bangladesh Marches Ahead" শীর্ষক ডকুমেন্টারি সংগ্রহ করে সুসজ্জিত প্যানেলে স্হাপিত LED মনিটরের মাধ্যমে সকল বিমানবন্দরে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।

(৬) **বিমানবন্দর সমুহের ভিতরে এবং বাইরে পরিষ্কার-পরিচ্ছন্ন করণ এবং সৌন্দর্যবর্ধনঃ** বিমানবন্দর সমুহে সৌন্দর্য বর্ধিত করণের নিমিত্ত বিমানবন্দরের অভ্যন্তরীণ ও বাইরের এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করার কার্যক্রম চলমান রয়েছে।

(৭) **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বঙ্গবন্ধু কর্নার স্থাপনঃ** হশাআবি বিমানবন্দরে নির্দিষ্ট স্থানে যাত্রী সাধারণের জন্য বঙ্গবন্ধুর উপর রচিত বিভিন্ন বই পত্র ও ছবি সম্বলিত 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের কাজ ফেব্রুয়ারী/২০২০ এর মধ্যে সমাপ্ত হবে।

(৮) **সিভিল এভিয়েশন দিবসে মুজিববর্ষের উপর গুরুত্বারোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশঃ** ৭ই ডিসেম্বর ২০২০ আন্তর্জাতিক সিভিল এভিয়েশন দিবসে বাংলা ও ইংরেজি জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে।

(৯) **ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তাঃ** ওয়েবসাইটে ও প্যাডে বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা প্রকাশের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।

(১০) **বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনারের আয়োজনঃ** বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর দুইটি সেমিনার আয়োজন করা করা হবে। তন্মধ্যে ১ম সেমিনারটি আগামী ২৯ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। সেমিনারে বঙ্গবন্ধু জন্ম শতবার্ষিকী উৎযাপন কমিটির প্রধান সমন্বয়ক ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ২য় সেমিনারের তারিখ পরবর্তীতে নিধারণ করা হবে।

চলমান পাতা/০২

(১১) শুদ্ধাচার, নেতিকতা এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর আলোকপাতঃ বেসামরিক বিমান চলাচল প্রশিক্ষণ কেন্দ্রে ও অভ্যন্তরীণ প্রশিক্ষণে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

(১২) বিভিন্ন এয়ার লাইন্স সমূহে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালনঃ বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন এয়ারলাইন্সের সাথে বেবিচ কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হয়। অচিরেই এয়ারলাইন্সসমূহ তাদের কর্মপরিকল্পনা পেশ করবে- যা কর্তৃপক্ষের কর্মপরিকল্পনার সাথে সমন্বিত ভাবে পালন করা হবে।

(১৩) বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বেবিচকের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস ভিত্তিক চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজনঃ (ক) প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতা, (খ) ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী এবং (গ) ৯ম থেকে ১০ম পর্যন্ত রচনা প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) মুজিববর্ষের শ্লোগান নিধারণঃ বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে কর্তৃপক্ষের শ্লোগান নিধারণ করা হয়েছে-
"মুজিববর্ষে হোক শপথ, আকাশ চলাচল রাখব নিরাপদ।"

(১৫) বিমানবন্দরসমূহের বোর্ডিংব্রিজে মুজিববর্ষের লোগো দিয়ে সু-সজ্জিত করণ→ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দসহ দেশের সকল বিমানবন্দরের বোর্ডিংব্রিজে বঙ্গবন্ধুর ছবি ও মুজিববর্ষের লোগো সম্বলিত বোর্ড দিয়ে সু-সজ্জিত করণের নিমিত্ত ডিজাইন চূড়ান্ত করার পর স্থাপনের কাজ চলমান আছে –যা আগামী ১৭মার্চ ২০২০ এর মধ্যে শেষ হবে।

(১৬) বিমানবন্দরসমূহে এলইডি টিভি/ডিসপ্লে স্থাপন→ দেশের সকল বিমানবন্দরে সুসজ্জিত প্যানেল ও LED ডি টিভির মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী জাতীয় বাস্তবায়ন কমিটির সাথে সমন্বয় করে বেবিচক এর প্রস্তুতকৃত ও তাদের সরবরাহকৃত ভিডিও সমূহ প্রচারের ব্যবস্থা করা হবে।

(১৭) বিমানবন্দর সমূহের আগমনী ও বহির্গমণ লাউঞ্জ সু-সজ্জিত করণঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য বিমানবন্দরের আগমনী ও বহির্গমন লাউঞ্জসহ বিমানবন্দরের অন্যান্য উল্লেখযোগ্য দৃশ্যমান স্থানে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীর লোগো সম্বলিত বোর্ড ও বিমানবন্দরসমূহের উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট স্থিরচিত্র স্থাপনের কাজ চলমান রয়েছে।

২.০। বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০

নথি নং-৩০.৩১.০০০০.২০১.২২.০০১.১৯- ৭৫৮৩ তারিখ : ২০/০২/২০২০

সিনিয়র সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণ : জনাব মামুন সরদার,সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।